

## উগান্ডার বিদেশমন্ত্রীর ভারত সফর( ২৭ জুলাই-৩১ জুলাই ২০১৪)

১. পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে উগান্ডার বিদেশমন্ত্রী সম্মানীয় মিঃ শাম কুটেসা ২৭-৩১ জুলাই ২০১৪ ভারত সফর করছেন। সম্মানীয় কুটেসার প্রতিনিধিদলে তিনজন মন্ত্রীসহ উগান্ডা সরকারের উচ্চপদস্থ অফিসাররা রয়েছেন। এঁরা হলেন-তথ্য,যোগাযোগ ও প্রযুক্তি মন্ত্রী সম্মানীয় জন নাসাসিরা, মৎস্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সম্মানীয় রুথ নানকাবিরওয়া এবং লগ্নি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সম্মানীয় ডঃ আজেদ্রা গ্যাব্রিয়েল অরিদ্র।

২. এই সফরে মিঃ কুটেসা পররাষ্ট্রমন্ত্রীর সংগে বৈঠক করবেন এবং প্রধানমন্ত্রীর সংগে সৌজন্য সাক্ষাৎ করবেন।

৩. ভারত ও উগান্ডার মধ্যে উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। ভারত উগান্ডার বৃহত্তম বাণিজ্য অংশীদার এবং উগান্ডায় এক বিশাল সংখ্যক ভারতীয় বংশোদ্ভূত নাগরিক রয়েছেন যাঁদের উগান্ডার অর্থনীতি ও সমাজে এক গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। মানবিক সম্পদ উন্নয়ন সহ প্রতিষ্ঠান নির্মাণে ভারত ও উগান্ডা সহযোগিতা করে থাকে। এক বিশাল সংখ্যক উগান্ডার বিদ্যার্থী বর্তমানে ভারতের উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়ন করছেন। আঞ্চলিক ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে ভারত ও উগান্ডার মধ্যে অভিন্ন দৃষ্টিভঙ্গী রয়েছে।

৪. বিদেশমন্ত্রী কুটেসার সফরে ভারত ও উগান্ডার সম্পর্কে গতিবেগ সঞ্চারণ হয়ে প্রগতি ঘটবে।

নয়াদিল্লি

২৭ জুলাই ২০১৪